

বেগম খালেদা জিয়া হলের ফ্রিজ ব্যবহারের নিয়মাবলী:

১. ফ্রিজ প্রতিদিন সকাল ৭:০০ টা থেকে ৮:০০ টা, দুপুর ১:০০ টা থেকে ২:০০ টা এবং সন্ধ্যা ৭:০০ টা থেকে ৮:০০ টা খোলা থাকবে। এই সময়ে শিক্ষার্থীরা খাবার রাখার এবং বের করার সুযোগ পাবে। অন্য সময়ে কেউ ফ্রিজ খুললে বা খোলার চেষ্টা করলে শাস্তির আওতায় আনা হবে।
২. কাঁচা মাছ-মাংস এবং রান্না করা খাবার উভয়ই টিফিন বক্সে রাখতে হবে ও বাটি শক্ত করে লাগিয়ে রাখতে হবে। কোন ধরনের বোতল বা পলিথিনে খাবার রাখা যাবে না। এছাড়াও লিকুইড জাতীয় খাবার যেমন: দুধ, জুস, পানি, রস, কাঁটা শাক-সবজি, ফল বা মসলা রাখা যাবে না।
৩. তলাভিত্তিক নির্দিষ্ট ফ্রিজে খাবার রাখতে হবে।
৪. খাবার রাখার সময় নিজের বক্সে ও রেজিস্টার খাতায় নাম, রুম নম্বর, টোকেন নম্বর এবং রাখার তারিখ উল্লেখ করা বাধ্যতামূলক এবং ফেরত নেওয়ার সময় টোকেন ফেরত দিতে হবে এবং হিসাবকৃত টাকা প্রদান করতে হবে।
৫. একজন সর্বোচ্চ ছোট সাইজের দুইটি বাটি এবং মাঝারি সাইজের একটি বাটি রাখতে পারবে। প্রতি বাটির জন্য দিনপ্রতি ০১ (এক) টাকা ধার্য থাকবে। কেউ বড় বাটি রাখলে শাস্তি স্বরূপ দিন প্রতি ০৩ (তিন) টাকা দিতে হবে। সর্বোচ্চ ২০ (কুড়ি) দিন পর্যন্ত ফ্রিজে খাবার রাখা যাবে। অন্যথায় তা ফ্রিজের বাইরে রাখা হবে। এ ব্যাপারে হল কর্তৃপক্ষ দায়ী থাকবে না।
৬. কারো বিরুদ্ধে যদি নিয়মবহির্ভূত কাজ বা অন্যের খাবার নিয়ে যাওয়ার প্রমাণ পাওয়া যায় তাহলে তার জন্য ফ্রিজে খাবার রাখা চিরদিনের জন্য বন্ধ হবে।
৭. ফ্রিজে খাবার টোকেন অনুযায়ী সিরিয়ালে সাজানো থাকবে এবং খালারাই এ দায়িত্ব পালন করবে। কোন শিক্ষার্থী ফ্রিজে কোনো প্রকার হাত দিবে না।
৮. ফ্রিজে খাবার ভর্তি হয়ে গেলে খাবার রাখা থেকে বিরত থাকতে হবে।
৯. সর্বোপরি, ফ্রীজ আমাদের হলের সকলের। তাই, অন্যকে খাবার রাখার সুযোগ করে দেওয়া, ফ্রীজকে পরিষ্কার পরিচ্ছন্ন রাখা এবং ব্যবহারের ক্ষেত্রে সাবধানতা অবলম্বন করা আবশ্যিক।

আদেশক্রমে
হল কর্তৃপক্ষ